সমকাল

তারিখ ... 30 MAY 2016 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...১...

# ম্যাটস শিক্ষার্থীদের নতুন কর্মসূচি

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

উচ্চশিক্ষার দাবিতে নতুন কর্মসূচি দিয়েছে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) শিক্ষার্থীরা। আজ সোমবার বেলা ১১টায় রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনার থেকে বঙ্গভবন অভিমুখে গণপদযাত্রা ও রাষ্ট্রপতিকে স্মারকলিপি দেবে সংগঠনটি। জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান কর্মসূচির ১৪তম দিনে গতকাল রোববার এ ঘোষণা দেওয়া হয়।

সংগঠনের সদস্য সচিব বলেন, '১৪ দিন অবস্থান করার পরও সরকার আমাদের দাবির ব্যাপারে কোনো আশ্বাস দিচ্ছে না। সরকারের কাছে আহ্বান জানাব, দ্রুত সব দাবি মেনে নিক। তা না হলে আরও কঠিন কর্মসূচি দিতে বাধ্য হবো আমরা।

দাবিগুলো হলো- উচ্চ শিক্ষার ব্যবস্থা করা, উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসারদের বেতন-ভাতা ১১তম গ্রেড থেকে ১০ম গ্রেডে উন্নীত করা, নতুন পদ সৃষ্টি করা, মেডিকেল এডুকেশন বোর্ড নামে একটি স্বতন্ত্র শিক্ষা বোর্ড গঠন করা ও ইন্টার্ন শিক্ষার্থীদেরও বেতন-ভাতা দেওয়া।